



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ।

ই-মেইল : anandamohan1908@gmail.com



স্মারক নং - আমোক/অ:/আ:/স্বা:/ন:/...../১১/২২


তারিখ :- ২৬ আশ্বিন, ১৪২৯ বঙ্গাব্দ
১১ অক্টোবর, ২০২২ খ্রি.

নিলাম বিজ্ঞপ্তি

আনন্দ মোহন কলেজ ক্যাম্পাসের বাড়ে পরে যাওয়া একটি রেইন্ট্রি গাছ নিলামে বিক্রয়ের নিমিত্তে প্রকৃত ক্রেতা/ব্যবসায়ী/প্রতিষ্ঠানকে নিজস্ব প্যাডে সীলমোহরকৃত খামে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ২০/১০/২০২২ খ্রি. তারিখ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে অত্র কলেজ অফিসে রক্ষিত বাস্কে দরপত্র দাখিলের জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য যে, একই দিন দুপুর ১২.১৫ টায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দাখিলকৃত দরপত্র উন্মুক্ত করা হবে।

বিবরণ : (রেঞ্জ কর্মকর্তা, সদর রেঞ্জ, ময়মনসিংহ বন বিভাগ কর্তৃক প্রাক্কলিত)

গাছের প্রজাতি ও সংখ্যা	কাঠের পরিমাণ	জ্বালানী কাঠের পরিমাণ
রেইন্ট্রি গাছ - ০১টি	১৪০.৮০ ঘঃ ফুঃ	২০.০০ ঘঃ ফুঃ


(প্রফেসর মোঃ আমান উল্লাহ)
আই. ডি নং- ০০২০১১
অধ্যক্ষ

আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ।
ফোন : ০৯১-৬৬৭৬৯, ০৯১-৬৫৩৬৬

শর্তসমূহ :

- এ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে বাড়ে পরে যাওয়া রেইন্ট্রি গাছটি সরেজমিনে দেখা যাবে।
- দাখিলকৃত দরদাতাকে দরপত্রের সাথে উদ্ধৃত দরের ১০% জামানত হিসেবে পে অর্ডারের মাধ্যমে (ফেরতযোগ্য) অধ্যক্ষ, আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ বরাবর জমা দিতে হবে।
- সর্বোচ্চ দর দাতার নিকট মালামাল নিলামে বিক্রয়ের আদেশ জারি করা হবে।
- নির্বাচিত ১ম সর্বোচ্চ দরদাতাকে বনজন্মব্য পরিবহন (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১১ অনুযায়ী নিলামকৃত গাছটি কর্তনের পর বন বিভাগের সংশ্লিষ্ট দপ্তর হতে বনজন্মব্যের "পাশ হাতুড়ির ছাপ" এবং কর্তনকৃত গাছটি পরিবহনের জন্য "বনজন্মব্য পরিবহন পাশ" গ্রহণ করতে হবে।
- নির্বাচিত ১ম সর্বোচ্চ দরদাতাকে অফিস আদেশ দেওয়ার ০৩ (তিন) দিনের মধ্যে দরপত্রে উদ্ধৃত টাকা ট্রেজারী চালানোর মাধ্যমে অধ্যক্ষ, আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ বরাবর জমা দিয়ে আদেশ জারির তারিখের মধ্যে মালামাল গ্রহণ করতে হবে।
- অফিস আদেশ অনুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে ১ম সর্বোচ্চ দরদাতা মালামাল গ্রহণে অপরাগ হলে জমাকৃত জামানত বাজেয়াপ্ত করা হবে। একই সাথে ২য় সর্বোচ্চ দরদাতা বরাবর নিলাম বিক্রয়ের অফিস আদেশ প্রদান করা হবে।
- ট্রেজারী চালান জমার পর নির্বাচিত দরদাতাকে অফিস আদেশের নির্ধারিত সময়ের মধ্যে নিজ দায়িত্বে মালামাল সংগ্রহ করতে হবে। অন্যথায় তার দরপত্রে উদ্ধৃত ট্রেজারী চালানোর জমাকৃত টাকা বাজেয়াপ্ত করা হবে।
- কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা কলেজ কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।